# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৯২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মুসলিমদের মাঝে পারস্পরিক ভালবাসা ও সম্পর্ক ঠিক করার জন্য আল্লাহর কাছে প্রার্থনা করার নির্দেশ

## ذِكْرُ الْأَمْرِ لِلْمُسْلِمِ أَنْ يَسْأَلَ اللَّهَ رَبَّهُ جَلَّ وَعَلَا التَّآلُفَ بَيْنَ الْمُسْلِمِينَ وَإِصْلَاحَ ذَاتِ بينهم

আরবী

992 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ بِخَبَرٍ غَرِيبٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا عَمِّي يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا شَرِيكٌ عَنْ جَامِعِ بْنِ شَدَّادٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: كَانَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعَلِّمُنَا التَّشَهُّدَ فِي الصَّلَاةِ كَمَا يُعَلِّمُنَا السُّورَةَ مِنَ الْقُرْآنِ وَيُعَلِّمُنَا مَا لَمْ يَكُنْ يُعَلِّمُنَا كَمَا يُعَلِّمُنَا التَّشَهُّدَ:(اللَّهُمَّ أَلِّف بَيْنَ قُلُوبِنَا وَأَصْلِحْ ذَاتَ بَيْنِنَا وَاهْدِنَا سُبُلَ السَّلَامِ ونجِّنا مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ وَجَنِّبْنَا الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ اللَّهُمَّ احْفَظْنَا فِي أَسْمَاعِنَا وَأَبْصَارِنَا وَأَزْوَاجِنَا وَاجْعَلْنَا شَاكِرِينَ لِنِعْمَتِكَ مُثْنِينَ بِهَا عَلَيْكَ قَابِلِينَ بِهَا فأتممها علينا)

الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 992 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৯৯২. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে সালাতের তাশাহ্হুদ শিক্ষা দিতেন, যেভাবে তিনি আমাদেরকে কুরআনের সূরা শিক্ষা দিতেন। তিনি যেভাবে আমাদেরকে তাশাহহুদ শিক্ষা দিতেন, সেভাবে তিনি আমাদেরকে এই বাক্যগুলিও শিক্ষা দিতেন, اللَّهُمَّ أَلِّف بَيْنَ قُلُوبِنَا وَأَصْلِحْ ذَاتَ بَيْنِنَا وَاهْدِنَا سُبُلَ السَّلَامِ ونجِّنا مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ وَجَنِّبْنَا الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ اللَّهُمَّ احْفَظْنَا فِي أَسْمَاعِنَا وَأَبْصَارِنَا وَأَزْوَاجِنَا وَاجْعَلْنَا شَاكِرِينَ لِنِعْمَتِكَ مُثْنِينَ بِهَا عَلَيْكَ قَابِلِينَ بِهَا فأتممها علينا (হে আল্লাহ, আপনি আমাদের অন্তরগুলোর মাঝে সম্প্রীতি সৃষ্টি করে দিন, আমাদের পারস্পরিক সম্পর্ক সংশোধন করে দিন, আমাদেরকে শান্তির পথসমূহ প্রদর্শন করুন, আমাদেরকে অন্ধকারসমূহ

থেকে মুক্তি দিয়ে আলোর পথে নিয়ে আসুন, প্রকাশ্য, অপ্রকাশ্য সব ধরণের অশ্লীলতা থেকে দূরে রাখুন, হে আল্লাহ, আপনি আমাদের শ্রবণশক্তি, দর্শনশক্তি এবং আমাদের স্ত্রীদের হেফাযত করুন। আপনি আমাদেরকে আপনার নি'আমতের শুকরগুজার ও এজন্য আপনার গুণকীর্তনকারী, নি'আমত গ্রহণকারী বান্দা বানিয়ে নিন এবং আমাদের উপর আপনার নি'আমতের পূর্ণতা দান করুন।)"[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ৯৬৯; হাকিম: ১/২৬৫; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ১০/৬৭৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে উৎকৃষ্ট বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (য'ঈফ আবূ দাঊদ: ১৭২ ।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89497

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন